অণ্টারিওতে স্বাস্থ্যসেবা ঃ হোম কেয়ার-এর উৎস খুঁজে বের করা

অনেক মানুষজনের ক্ষেত্রে এমন একটি সময় আসতে পারে যখন তাঁদের নিজের বাড়িতে বসবাস করতে সাহায্যের প্রয়োজন হয়। আপনি কি করবেন যদি বাড়িতে আপনার বা আপনার কোনে প্রীতিপাত্রের সেবার প্রয়োজন হয় ? এই তথ্য পাতাটি শুরু করার জন্য একটি ভালো জায়গা। এখানে আপনি জানতে পারবেন অণ্টারিওতে অনেকধরনের হোম কেয়ার সার্ভিস আছে যেগুলি আপনি পেতে পারেন। তথ্য সমূহ এই পাতাগুলিতে দু'টি পরিচ্ছেদে আমরা সাজিয়েছি ঃ

- হোম কেয়ার কিভাবে কাজ করে
- হোম কেয়ার কিভাবে পাওয়া যেতে পারে

এই তথ্যপাতাটি আপনি ontario.ca/healthcarebasics *ওয়েবসাইটে অনেক ভাষায় পাবেন। "Information in Other Languages" বোতাম টিপুন। অন্‌লাইন ভার্শনে টরণ্টোতে স্বাস্থ্যসেবা সম্বন্ধে সংযুক্ত করা আরো অনেক তথ্য আপনি পাবেন।*

হোম কেয়ার কিভাবে কাজ করে

১. হোম কেয়ার মানে কি ?

হোম কেয়ার সার্ভিসের মাধ্যমে মানুষজনকে তাদের বাড়িতে স্বাস্থ্য ও স্বাধীনতা বজায় রাখতে সাহায্য করে। এই সার্ভিসের অনেকগুলি অণ্টারিও সরকারের অর্থায়নে দেয়া হয়ে থাকে।

২. হোম কেয়ারের মাধ্যমে কিধরনের সার্ভিস আমি পেতে পারি ?

এই তালিকাটিতে হোম কেয়ার সার্ভিসের চারটি মূল প্রকার বর্ণনা করা হয়েছে ঃ

ভিজিটিং হেল্‌থ্ প্রফেশনাল সার্ভিসেস

এই সার্ভিসের মাধ্যমে হাসপাতাল থেকে বাড়িতে আসার পর পর্যন্ত সার্ভিস পাওয়া যেতে পারে, কিংবা অসুস্থতা বা জখম আরোগ্যে আপনার সাহায্যে লাগতে পারে।

কে সাহায্য করতে পারবে ঃ আপনি যদি পাওয়ার যোগ্য হন, আপনার স্থানীয় Community Care Access Centre (CCAC) ব্যবস্থা করতে পারে নার্স, ফিজিওথেরাপিস্ট, অকুপেশনাল থেরাপিস্ট, সোশ্যাল ওয়ার্কার, স্পীচ ল্যাঙ্গুয়েজ স্পেশালিস্ট, এবং ডায়েটিশিয়ান্স দ্বারা আপনার সেবাদান করার ক্ষেত্রে।

কিভাবে তাঁরা আপনাকে সাহায্য করতে পারেন ঃ

- আপনার প্রয়োজন কি সেটি নিরূপণ করতে
- সেবার পরিকল্পনা ও সেবাদেয়ার ব্যবস্থা করতে
- আপনার নিজের যত্ন নিজে নেয়া সম্বন্ধে শেখাতে

আপনি হয়তো আপনার প্রয়োজনীয় সরবরাহ এবং সরঞ্জামও পেতে পারেন।

ব্যক্তিগত যত্ন ও সহায়তা

এই সার্ভিসগুলি আপনার বেঁচে থাকার সক্রিয়তায় সাহায্য করতে পারে।

Bengali – Health Care in Ontario: Finding Home Care Cat# 016060 Nov/2010 © Queen's Printer for Ontario

কে সাহায্য করতে পারে ঃ আপনি যদি পাওয়ার যোগ্য হন আপনার স্থানীয় Community Care Access Centre (CCAC) আপনাকে সাহায্য করতে পারে একজনকে খুঁজে বের করতে। এঁদের প্রায়ই বলা হয়ে থাকে পার্সোনাল সাপোর্ট ওয়ার্কার, হেল্‌থ্‌ কেয়ার এড্‌, পার্সোনাল কেয়ার ওয়ার্কার, অথবা অ্যাটেণ্ডেণ্ট।

তাঁরা কিভাবে আপনাকে সাহায্য করতে পারেন ঃ

- ব্যক্তিগত স্বাস্থ্যে যত্ন নিতে, যেমন ধোয়াধুয়ি ও স্নান করা, মুখের যত্ন, চুলের যত্ন, গায়ের চামড়ার যত্ন, বাঁধাধরা হাত ও পায়ের যত্ন নেয়া
- চেয়ারে, গাড়িতে অথবা বিছানায় স্থানান্তরিত বা স্থাপন করতে
- আপনার পোষাক পরায় বা খোলায় আপনাকে সাহায্য করতে
- আপনার খাওয়ায় সাহায্য করতে
- প্রস্রাবে, পায়খানায়, বা স্নানে আপনাকে সাহায্য করতে
- অ্যাপয়েন্টমেন্টে আপনাকে সঙ্গ দিতে

হোম মেকিং

হোমমেকিং সার্ভিস ঘরের বাঁধাধরা কাজকর্মে আপনাকে সাহায্য করতে পারে।

কে সাহায্য করতে পারে ঃ আপনি যদি পাওয়ার যোগ্য হন, আপনার স্থানীয় Community Care Access Centre (CCAC) একজনকে বা কোনো কোম্পানীকে খুঁজে বের করতে পারেন এই কাজগুলিতে আপনাকে সাহায্য করতে।

কিভাবে তাঁরা সাহায্য করতে পারেন ঃ

- খাদ্যের তালিকা পরিকল্পনা ও খাবার তৈরি ক'রে
- হাটবাজার ক'রে দিয়ে
- হাল্কা ঘর পরিষ্কার ক'রে ও কাপড়চোপড় ধুয়ে দিয়ে
- বিল পরিশোধ বা ব্যাঙ্কের কাজ ক'রে দিয়ে

কমিউনিটি সাপোর্ট সার্ভিসেস

এই সার্ভিসগুলি আপনাকে নিরাপদে ও স্বাধীনভাবে বসবাস করতে সাহায্য করে।

কে আপনাকে সাহায্য করতে পারে ঃ নন্‌-প্রফিট কর্পোরেশন বা প্রাইভেট কোম্পানীর মাধ্যমে এই সার্ভিসগুলি আপনি খুঁজে বের করতে পারেন।

তাঁরা কিভাবে আপনাকে সাহায্য করতে পারেন ঃ

- যাতায়াতের ব্যবস্থা
- খাওয়াদাওয়া
- কেয়ারগিভার সাহায্য
- আপনার ঘরে সাহায্য
- দিনের বেলা প্রোগ্রামে নিয়ে যাওয়া
- সামাজিক ও আমোদপ্রমোদ অনুষ্ঠানে নিয়ে যাওয়া

৩। হোম কেয়ার সার্ভিসের খরচপত্র কে দেয় ?

হোম কেয়ার সার্ভিসের খরচপত্র বিভিন্নভাবে অর্থায়ন করা হয়ে থাকে ঃ
সরকার দ্বারা (অণ্টারিও এবং/বা মিউনিসিপ্যাল গভর্ণমেণ্ট)

- ভলাণ্টিয়ার প্রতিষ্ঠানের ডোনেশনের মাধ্যমে (যারা সাধারণতঃ এইসকল সার্ভিস দিয়ে থাকে)

- আপনার ব্যক্তিগত ইন্স্যুরেন্স বা বেনিফিট প্ল্যানের মাধ্যমে (যেমন, প্রাইভেট হেল্‌থ্‌ ইন্স্যুরেন্স)
- আপনার নিজের মাধ্যমে (যেমন, যখন আপনাকে সার্ভিস দেয়ার জন্য নিজেই খরচ করেন)

নিজ বাড়িতে যাঁরা থাকতে চান তাঁরা বিভিন্ন ভাবে অর্থায়নের মাধ্যমে বিভিন্ন সার্ভিসগুলো পাওয়ার ব্যবস্থা করেন।

হোমকেয়ার সার্ভিস কিভাবে বন্দোবস্ত করা যেতে পারে

৪। আমার কিংবা আমাদের কোনো প্রয়োজনের জন্য কিভাবে আমি হোম কেয়ার সার্ভিস খুঁজে বের করবো ?

আপনার স্থানীয় Community Care Access Centre (CCAC) আপনাকে সাহায্য করবে ঃ

- আপনার দেখাশোনা করার প্রয়োজন চিহ্নিত করতে
- আপনার প্রয়োজন ও অবস্থার ক্ষেত্রে যেসব সার্ভিস উপযুক্ত সেগুলি পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষা করতে
- কারা এইসকল সার্ভিস আপনাকে দিতে পারবে সে-সম্বন্ধে তথ্য যোগাড় করতে
- আপনি যে সার্ভিসগুলোর জন্য অনুরোধ জানিয়েছেন সেগুলি স্থাপন করতে

প্রথম পদক্ষেপ হিসেবে আপনার নিকটবর্তী CCAC খুঁজে নেন।

৫। সরকারের অর্থায়নে হোম কেয়ার আমি পেতে পারি কিনা কি ক'রে আমি জানতে পারবো ?

আপনাকে আপনার স্থানীয় Community Care Access Centre (CCAC)-এর সাথে যোগাযোগ করতে হবে। আপনার ঐ সেণ্টার সিদ্ধান্ত গ্রহণ করবে আপনি সরকারের অর্থায়নে হোম কেয়ার পেতে পারেন কিনা।

৬। সরকারী অর্থায়ন যদি না পাই তাহলে কিভাবে আমি সাহায্য পেতে পারি ?

আপনার প্রয়োজনীয় সার্ভিসের জন্য আপনাকেই খরচ করতে হবে। আপনি সরাসরি ব্যক্তিবর্গ কিংবা কোম্পানীগুলোর মধ্য থেকে বেছে নিতে পারবেন। আপনার স্থানীয় Community Care Access Centre (CCAC) সার্ভিস পাওয়ার ব্যাপারে সাহায্য করতে পারবে।

৭। অণ্টারিওতে হেল্‌থ্‌ কেয়ার সিস্টেম ব্যবহার করা সম্বন্ধে আমার প্রশ্ন আছে। কার সাথে আমি যোগাযোগ করবে ?

যোগাযোগ করুন ServiceOntario, INFOline-এর সাথে সকাল ৮:৩০টা থেকে বিকাল ৫:০০টা সময়ের মধ্যে। সেখানে কর্মচারী প্রস্তুত আছেন আপনাকে সাহায্য করতে ইংরেজি, ফ্রেঞ্চ ও আরো ২০টি ভাষায়। টেলিফোন করুন ঃ

- ১-৮৬৬-৫৩২-৩১৬১
- TTY ১-৮০০-৩৮৭-৫৫৫৯
- টরন্টোতে, TTY ৪১৬-৩২৭-৪২৮২

বিস্তারিত জানার জন্য আমাদের health.gov.on.ca ওয়েবসাইট খুলে দেখুন।